



## বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীনে UG Registration এর জন্য ছাত্রছাত্রীদের কি করণীয়?

### Step 1:

২০২০-২১ শিক্ষাবর্ষে বিজ্ঞান ও কলাবিভাগে অনার্স/ জেনারেল/ মেজর কোর্সে প্রথম সেমেস্টারে ভর্তি হওয়া প্রতিটি ছাত্রছাত্রীকে Registration Fees জমা দিতে হবে। টাকা জমা দেবার শেষ তারিখ ১৩ জানুয়ারী, ২০২১।

### Step 2:

টাকা জমা দেওয়ার জন্য [এই লিঙ্কে](#) (টাকা জমা দেবার লিঙ্ক) গিয়ে লগ ইন করতে হবে।

### Step 3:

টাকা জমা দেওয়ার পাশাপাশি নিম্নলিখিত তথ্যগুলো সঠিকভাবে পূরণ করতে হবে।

- GE বা General বিষয় হিসেবে তুমি কি নিতে চাও
- ইমেল আই ডি
- ফোন নম্বর
- অ্যান্টি ব্যাগিং এফিডেভিট জমা দিয়েছ কিনা

কোন বিষয়গুলি জেনেরিক হিসেবে নেওয়া যাবে সেই সংক্রান্ত তালিকা [এখানে](#) দেওয়া আছে ([তালিকার লিঙ্ক](#)), সেটি ভালো করে দেখে নেবে। এখানে GE বা General নির্বাচিত বিষয় হিসেবে তুমি যা লিখবে সেটাই চূড়ান্ত হিসেবে পরিগণিত হবে। পরে আর সেটা পালটানো যাবে না।

### Step 4:

টাকা জমা দেওয়ার কিছুদিন পর ছাত্রছাত্রীরা একটি রেজিস্ট্রেশন ফর্ম পাবে, যেখানে আগে থেকেই তার সকল তথ্যাদি দেওয়া থাকবে। তাদের কাজ হল সেই সমস্ত তথ্যাদি খুঁটিয়ে দেখা। যাদের কিছু পালটানোর নেই, তাদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া **সেখানেই সমাপ্ত হবে**। যাদের কোনও কিছু পালটানোর থাকবে, তাদের দিন ও সময় বলে দেওয়া হবে। সেই দিন ও সময়ে তাদের নির্দিষ্ট জায়গায় ফোন করে কি পালটানোর আছে তা জানাতে হবে।

এই [ভিডিওতে](#) ([ভিডিওর লিঙ্ক](#)) বিস্তারিত ভাবে পুরো প্রক্রিয়াটি বলা আছে। রেজিস্ট্রেশন শুরু করার আগে অবশ্যই ভিডিওটি ভালো করে দেখে নাও এবং রেজিস্ট্রেশন প্রক্রিয়া চলাকালীন কিছু অসুবিধে হলে [হেল্পলাইনে](#) ফোন করো ([হেল্পলাইনের লিঙ্ক](#))।